



নং -১৯.০১.৯৬২১.১০৫.৭৬.০২৭.১৮-১৬৯

তারিখঃ ০৪ অক্টোবর ২০২১

এতদ্বারা জর্ডান প্রবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার শেখ রাসেল দিবস-২০২১ উপলক্ষে শিশু-কিশোরদের জন্য একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রবাসে বসবাসরত ৮ হতে ১৮ বছর বয়সী যে কোন শিশু-কিশোর উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী নিম্নে দেয়া হলঃ-

যারা অংশগ্রহণ করতে পারবে:

গ্রুপ কঃ ৮-১২ বছর

গ্রুপ খঃ ১৩-১৮ বছর

নিবন্ধন: ০৩ অক্টোবর থেকে ১১ অক্টোবর, ২০২১, রাত ১২টা পর্যন্ত অনলাইনে (quiz.sheikhrussel.gov.bd) নিবন্ধন করা যাবে। নিবন্ধনের পর অংশগ্রহণের বিস্তারিত তথ্য ওয়েবসাইট থেকেও পাওয়া যাবে।

অনলাইন প্রতিযোগিতাঃ (quiz.sheikhrussel.gov.bd):

গ্রুপ ক: ৮-১২ বছর (১২ অক্টোবর ২০২১, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট)

গ্রুপ খ: ১৩-১৮ বছর (১৩ অক্টোবর ২০২১, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট)

পুরস্কার:

গ্রুপ ক: ৮-১২ বছর (৫টি ল্যাপটপ (কোর আই ৭, ১১ জেনারেশন)

গ্রুপ খ: ১৩-১৮ বছর (৫টি ল্যাপটপ (কোর আই ৭, ১১ জেনারেশন)

- কুইজ প্রতিযোগিতাটি শুধু ৮ থেকে ১৮ বছর বয়সীদের জন্য উন্মুক্ত।
- একজন প্রতিযোগী একবারই অংশগ্রহণ করতে পারবেন।
- ভুল/মিথ্যা তথ্য দিয়ে অংশগ্রহণ করলে তাকে প্রতিযোগিতা থেকে বাতিল বলে গণ্য করা হবে।

নিয়মাবলি:

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বরাদ্দকৃত সময় ১০ মিনিট।

সকল প্রশ্নের মান সমান। ভুল উত্তরের জন্য কোনো নম্বর কাটা যাবে না।

সকল প্রশ্নের উত্তরের জন্য চারটি বিকল্প থেকে একটি সঠিক উত্তর বাছাই করতে হবে (এমসিকিউ)।

কম সময়ে সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা থেকে বিজয়ী নির্বাচন করা হবে।

চূড়ান্ত বিজয়ীদের ক্ষেত্রে বয়স যাচাই সাপেক্ষে পুরস্কার প্রদান করা হবে।

কুইজের বিষয়:

শেখ রাসেলের জন্ম, দুরন্ত শৈশব, শিক্ষা জীবন, স্বপ্ন, ভ্রমণ, পছন্দ, খেলাধুলা, তাঁর উপর রচিত গ্রন্থ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে কাটানো মুহূর্তসহ বিভিন্ন বিষয় থেকে প্রশ্ন নির্ধারণ করা হবে।

